



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৯০.২০১৯/৪০২৮/৮

তারিখঃ ০৩/০৫/১৪২৬ বঙ্গাব্দ
১৮/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ উপজেলাধীন রওশন আরা ডিপ্রি কলেজের জনাব লতিফা বেগম, প্রভাষক(ইংরেজী) এর
বেতন-ভাতা বেআইনীভাবে বন্ধ করার আবেদন নিষ্পত্তিকরণ।

সূত্রঃ (১) জনাব লতিফা বেগম এর ২৩.০৫.২০১৮ তারিখের আবেদন;
(২) মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং- ১৫৩৮৩/২০১৮;
(৩) তদন্ত প্রতিবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ উপজেলাধীন সানাড়পাড় রওশন আরা ডিপ্রি কলেজের জনাব লতিফা বেগম, প্রভাষক-ইংরেজি প্রতিষ্ঠান থেকে বেআইনীভাবে বন্ধ এমপিও ছাড় করার জন্য গত ২৮/০৫/২০১৮ তারিখে মাউশি অধিদপ্তরে আবেদন করেন। আবেদনটি নিষ্পত্তি করার জন্য তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১৫৩৮৩/২০১৮ দায়ের করেন। রিট মামলায় মহামান্য আদালত বিবাদীগণের প্রতি রঞ্জনিশ জারীসহ অর্তবর্তীকালীন আদেশ প্রদান করেন। উক্ত আদেশে মহামান্য আদালত ২৩ বিবাদী (মহাপরিচালক, মাউশি) কে পিটিশনারের ২৮/০৫/২০১৮ তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। মহামান্য আদালতের আদেশ অনুসারে পিটিশনারের ২৮/০৫/২০১৮ তারিখের আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে মাউশি থেকে তদন্ত করা হয়। তদন্ত কর্মকর্তার মতামত:

- (১) অভিযোগকারী লতিফা বেগমের মূল অভিযোগ বেআইনিভাবে তাঁর এমপিও বন্ধ করে দেয়া। তদন্তকালে কলেজে রাস্কিত তাঁর ১০/১০/২০১৭ তারিখের পদত্যাগ পত্রের হাতের লেখা এবং স্বাক্ষর তাঁর বলেই তদন্ত টিমের নিকট প্রতীয়মান হয়েছে। যার ধারাবাহিকতায় গভর্নর বডির ২৮/১০/২০১৭ তারিখের সভায় তাঁর পদত্যাগপত্র গ্রহণ এবং ০১/১১/২০১৭ থেকে এমপিও বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়। বেআইনিভাবে এমপিও বন্ধের অভিযোগ সঠিক নয়।
- (২) লতিফা বেগমকে বিভিন্ন সময়ে ভয়ভীতি ও হয়রানি করার অভিযোগের কোন বাস্তবতা তদন্তকালে পাওয়া যায়নি।
- (৩) তদন্তকালে শিক্ষকদের কলেজ হাজিরা খাতা পর্যালোচনায় দেখা যায় যে, ২৫/০৭/২০১৫ তারিখ থেকে ১০/১০/২০১৭ তারিখ (পদত্যাগের তারিখ পর্যন্ত) লতিফা বেগম বিনা অনুমতিতে কলেজে অনুপস্থিত ছিলেন। কিন্তু অক্টোবর ২০১৭ পর্যন্ত তাঁকে এমপিওর টাকা প্রদান করা হয়েছে। অনুপস্থিত থাকা সত্ত্বেও তাঁকে বেতন প্রদানের বিষয়ে অধ্যক্ষ কোন সদুস্তর দিতে পারেননি। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের নিকট ব্যাখ্যা চাওয়া যেতে পারে।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামত অনুযায়ী বেআইনিভাবে এমপিও বন্ধ, বিভিন্ন সময়ে ভয়ভীতি ও হয়রানি করার অভিযোগ প্রমাণিত না হওয়ায় এমপিও চালু করার অনুমতি প্রদানের সুযোগ নাই।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনাত্ত্বে অবহিত করা হলো।

Alca/৪/১৪.৭.১৯
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭
Email-ncollege@ dsheets.gov.bd

জনাব লতিফা বেগম

প্রভাষক(ইংরেজি)

সানাড়পাড় রওশন আরা ডিপ্রি কলেজ

সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, সানাড়পাড় রওশন আরা ডিপ্রি কলেজ, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ২। আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, সানাড়পাড় রওশন আরা ডিপ্রি কলেজ, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৪। সংরক্ষণ কপি।